



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২- ৪৫৫৫

তারিখ-১১ জুলাই, ২০১৮ খ্রিঃ

জনাব মোঃ শাহজাহান  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)  
উপপরিচালকের কার্যালয়, আদর্শ সদর উপজেলা পরিষদ কমপ্লেক্স,  
পুরাতন অভয় আশ্রম, আদর্শ সদর, বিআরডিবি, কুমিল্লা।

বিষয় : বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য প্রদানের জন্য ব্যাখ্যা তলব।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২-৯৪৭, তারিখ-২৮/০১/২০১৬ খ্রিঃ

সূত্রঃ ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২-৭৯৬২, তারিখ-২০/১২/২০১৭ খ্রিঃ

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আপনার দপ্তরে কর্মরত জনাব এবিএম কামরুজ্জামান, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এর ২০১৩ সালের (খণ্ডকালীন) বার্ষিক গোপনীয় অনুবেদনে (এসিআর) আপনি অনুবেদনকারী কর্তৃপক্ষ হয়ে ১(এক) এর ঘরে নম্বর প্রদান করেছেন। বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) দাখিলের ক্ষেত্রে আবশ্যিক ভাবে অনুসরণীয় নির্দেশনা সংক্রান্ত বিধিমালা অনুযায়ী যা বিরূপ মন্তব্য হিসেবে বিবেচিত। আপনি অনুবেদনাধীন কর্মকর্তাকে পূর্বে সতর্ক করা হয়েছে এমনকোন প্রমানক সংযুক্ত করেননি।

এমতাবস্থায়, বার্ষিক গোপনীয় অনুবেদনে (এসিআর) বিরূপ মন্তব্য প্রদানের কারণ অথবা বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে গৃহীত ব্যবস্থা/ব্যাখ্যা তলব করা হয়েছে কিনা তার প্রমানকসহ পত্রপ্রাপ্তির ০৫ কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

১১.০৭.১৮

আফসানা হোসেন  
উপপরিচালক (প্রশাসন)

তারিখ-১১ জুলাই, ২০১৮ খ্রিঃ

স্মারক নং- ৪৭.৬২.০০০০.২০৮.০০.৪৩৬.০২- ৪৫৫৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর.....।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. সংশ্লিষ্ট নথি।

মোঃ রাহাত খান

সহঃ পরিচালক (শৃংখলা)